ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২১২৮

শান্তিরবাজার, ৫ আগস্ট, ২০২৫

**স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে শান্তিরবাজার মহকুমায় প্রস্তুতি সভা**

৭৯ তম স্বাধীনতা দিবস উদযাপন উপলক্ষে গতকাল শান্তিরবাজার মহকুমা শাসক কার্যালয়ের সভাকক্ষে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, শান্তিরবাজার মহকুমার মহকুমা শাসক মনোজ কুমার পাল, বকাফা ও জোলাইবাড়ি ব্লকের বিডিওগণ, পুলিশ প্রশাসনের কর্মকর্তাগণ এবং বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় সিদ্ধান্ত হয়, আগামী ১৫ আগস্ট মহকুমার মূল অনুষ্ঠানের আয়োজন করা হবে শান্তিরবাজার সরকারি মহাবিদ্যালয়ের মাঠে। এখানে আনুষ্ঠানিক ভাবে জাতীয় পতাকা উত্তোলন করা হবে, আরক্ষা বাহিনীর কুচকাওয়াজ প্রদর্শন ও অভিবাদন গ্রহন করা হবে। মহকুমার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীগণ দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান, যোগা প্রদর্শন ও অন্যান্য অনুষ্ঠানে অংশ নেবেন। মহকুমার বিভিন্ন বিদ্যালয় ও অফিসে অনুষ্ঠিত হবে স্বচ্ছতা অভিযান, সরকারি প্রতিষ্ঠানে আলোকসজ্জা করা হবে, মহকুমা হাসপাতাল ও অন্যান্য স্বাস্থ্য প্রতিষ্ঠানে ফল ও মিষ্টি বিতরণ করা হবে। স্বাধীনতা দিবস উপলক্ষে শান্তিরবাজার, জোলাইবাড়ি, বাইখোরা ও বীরচন্দ্র মনুতে প্রভাতফেরির আয়োজন করা হবে। এছাড়াও বসে আঁকো প্রতিযোগিতা ও ক্যুইজ প্রতিযোগিতার আয়োজন করা হবে।

*****